বুদ্ধিমতী
মাশা

কথা: ন. গের্নেৎ
ছবি: ব. মালাখভ্স্কি

প্রগতি প্রকাশন · মস্কো

বইটি পড়লেই বুঝবে মাশা কেমন বুদ্ধিমতী। তবে সে তো এমনিই বোঝা যায়। বুদ্ধিমতী না হলে কি আর তাকে নিয়ে কেউ বই লেখে? ছবি আঁকে?

এমন কি এক্কেবারে ছোটতেই, মাশা যখন দোলনায়, তখনই সে এক হাতে ঝুমঝুমি বাজাত, আর এক হাতে মশা তাড়াত। তাই না দেখে মাশার বাবা-মা, দিদিমা, তাদের আত্মীয়স্বজন, চেনা পরিচিত, পরিচিতদের আত্মীয়, আত্মীয়দের পরিচিত, সবাই এক বাক্যে বলেছিল, 'সত্যি, খুবই, খুবই বুদ্ধিমতী মাশা।'

দুঃখের কথা মাশার ছোটো ভাই ভিতিয়া সম্পর্কে কিন্তু বলা যায় না যে সে বুদ্ধিমান। তবে তাতে যায় আসে না। বইটা পড়লেই তোমরা দেখবে একা মাশার বুদ্ধিতেই দুজনার কুলিয়ে যাবে।

আর ববিক, রবিক, লবিক, জুবিক সম্পর্কে কী করা যায়? কেবল প্রশংসা। এরা হল দুনিয়ার সবচেয়ে চালাক, সবচেয়ে দৌড়বাজ, সবচেয়ে বাধ্য কুকুর। বিশ্বাস না হয় পড়ে দেখো।

আর একটা কথা: গল্পগুলোর কিছুটা বলব আমরা, কিছুটা তোমরা; ভাবনা নেই, ছবিগুলোর দিকে ভালো করে তাকালেই কিছুই আর বুঝতে বাকি থাকবে না।

মাশা আর তিনসেরী হাঁস

প্রকাণ্ড ওই হাঁসটাকে দিদিমা উপহার পাঠালেন মাশার মায়ের কাছে। অথচ ভেবে দ্যাখো, ওটা ঝুড়ি করে বইতে মাশার কী হয়রানি যাবে তা নিয়ে কিন্তু একটুও তাঁর ভাবনা হল না। জানতেন, বইতে কষ্ট হলে মাশা নিশ্চয় কিছু একটা উপায় বার করবে।

আর দেখতেই পাচ্ছ, দিদিমার ভুল হয় নি।

১) . . . .

২) . . . .

৩) . . . .

৪) . . . .

মাশা আর চুম্বক

১) 'যাঃ,' বললেন দিদিমা, 'রিপু করার সুঁইটা যে কোথায় পড়ল বালিতে।'

২) 'ও দিদিমা', চেঁচিয়ে বললে মাশা, 'যেখানে হারিয়েছে সেখান থেকে নড়ো না। এক্ষুণি খুঁজে দেব!'

৩) 'কী যে বলিস!' বললেন দিদিমা, 'বালির মধ্যে থেকে বার করবি কী করে?'

৪) 'এই নাও তোমার সুঁই, দিদিমা!'

মাছির জ্বালাতন আর মাশার বুদ্ধি

১) . . . .

২) . . . .

৩) . . . .

৪) . . . .

মাশার কাপড় কাচা

১) কাছেই নদী, ঝরঝরে দিন, ফুর্তিতেই
কাপড় কাচা যাবে।

২) হঠাৎ এল বৃষ্টি। 'ভিজে যাব, সেটি
হচ্ছে না,' বললে মাশা।

৩) ফের রোদ্দুর, ফুর্তিতেই কাপড়
কাচা গেল।

৪) ওদিকে বৃষ্টির পরে জল জমে গেছে
রাস্তায়। 'হেঁটে না গিয়ে ভেসে যাব,'
বললে মাশা।

মাশার কাপড় শুকনো

১) মাশাকে বড়ো ভালোবাসে চড়ুইয়েরা। কেন বলো তো?

২) একদিন মাশা শুকোবার জন্যে জামা-কাপড় মেলছে দড়িতে। কিন্তু ক্লিপ ছিল না।

৩) হঠাৎ ঝড় উঠল ভয়ানক। 'ধোয়া কাপড়গুলো যদি ধুলোয় পড়ে?' ভাবছে মাশা। এমন সময় কাদের যেন পাখার শব্দ।

৪) আর ভাবনা নেই যত ঝড়ই উঠুক।

মাশার শহর যাত্রা

১) দিদিমা বললেন, 'যা মাশা, শহর থেকে কেনাকাটা করে আয়। শুধু আমাদের গাধাটা আবার মাঝপথে বেঁকে না বসে। ও অভ্যেস ওর আছে।'

২) সত্যিই তাই। হঠাৎ থেমে গেল গাধাটা। নড়ায় কার সাধ্যি।

৩) মিষ্টি কথা বললে মাশা, চাবুক তুলে শাসাল, কিছুতেই কিছু হয় না।

৪) 'দাঁড়া দেখাচ্ছি,' রেগে উঠল মাশা। তারপর গাধাকে ঘুরিয়ে গাড়ির সঙ্গে জুতলে উল্টো করে। অবাক হল গাধা।

৫) তারপর গাধার কপাল থেকে খানিকটা ঝুঁটি কেটে নিলে। আরো বেশি অবাক লাগল গাধার।

৬) কিন্তু যখন দেখলে সামনে বেণীর সঙ্গে দাড়িগোপওয়ালা কী একটা জিনিস, তখন আর অবাক নয়, আঁৎকে উঠে পেছতে লাগল গাধা।

৭) গাধা যত পেছয়, গাড়িও তত এগোয়, এগুতে এগুতে সোজা শহর। তাই দেখে শহরের লোকেরা যে কী বলাবলি করেছিল, সেটা তোমরাই ভেবে নাও।

মাশার বাড়ি ফেরা

১) . . . .

২) . . . .

৩) . . . .

মাশা, ববিক আর রণ-পা

১) প্রথমটা দিব্যি যাচ্ছিল।

২) হঠাৎ বিপদ।

৩) ববিক ভাবলে, 'এই বুঝি ডুবলাম।'

৪) মাশার কিন্তু ডোবার ইচ্ছে নেই।

৫) একটু শুধু ধৈর্যের ওয়াস্তা...

৬) ফের চলল দিব্যি।

মাশার বাগান পরিষ্কার

১) মস্ত বাগান, পাতা ঝরেছে অনেক, আঁচাড়া-দুটোও ভারি। হাঁপিয়ে গেল মাশা।

২) 'তোকে সাহায্য করতে রাজী, তবে কী করে জানি না,' বললে ভিতিয়া। মাশা বললে, 'আমি জানি।' এই বলে একটা দড়ি টেনে নিলে।

৩) বাস, মুড়মুড় করছে পাতা, রাস্তা সাফ, ভিতিয়ার মুখে হাসি, মাশাও একটু জিরিয়ে নিতে পারে।

মাশার ধনুক ছোঁড়া

১) নাঃ, বারবার তীরটা তোলবার জন্যে ছুটে যাওয়া আর আসা বড়ো ঝামেলা।

২) তবে ভাগ্যি ভালো, ভিতিয়ার আছে সাইকেল আর মাশার কাছে রবার আর দড়ি।

৩) 'তীর ফিরে আয় আমার কাছে!' দড়ির টানে তীরও এগিয়ে আসে।

৪) 'এই বার ছুড়ব!' রবারের টানে ততক্ষণে সাইকেলও যথাস্থানে।

মাশার স্কেটিং শেখা

১) স্কেটিং করতে গেল মাশা সেই প্রথম।

২) ভেবেছ সহজ? না পড়ে যাবে কোথা!

৩) মাশা যখন পড়ল চার বারের বার, তখন ভাবতে বসল।

৪) ভেবে বারও করল। এবার পড়ে কার সাধ্যি!

মাশা আর শেয়াল

১) মুরগীর ঘরে ঢুকে মুরগী টেনে নিয়ে যায় শেয়াল।

২) মাশা বললে, 'দিদিমা, দাও তো একটা ফুটো বালতি, আঁচাড়া আর বেলচা।'

৩) 'মুরগীরা নিশ্চিন্তে ঘুমো, শেয়াল আর আসবে না।'

৪) হলও তাই, দিদিমার উঠোনে শেয়াল আর টিকিও দেখায় নি।

মাশা, ভিতিয়া আর কুকুর

১) দ্যাখো তো কী ছেলে এই ভিতিয়া!
ইশকুলে গেছে বইগুলো ফেলে।

২) 'ববিক, রবিক, লবিক, জুবিক!'
চেঁচিয়ে ডাকল মাশা, 'জলদি! জলদি!'

৩) চেয়ে দ্যাখো কুকুরগুলোর দিকে। এরাই যে দুনিয়ার সবচেয়ে চালাক, সবচেয়ে দৌড়বাজ, সবচেয়ে বাধ্য কুকুর, সে কি আর বলতে?

৪) কী হবে এখন?! ঘণ্টা পড়ে গেল...
দরজা খোলে-খোলে...

৫) ...দরজা খুলে যেতেই ভিতিয়ারও ফাঁড়া কাটল। বই, খাতাপত্র, এমন কি চিঠিও। চিঠিতে কী লেখা আছে, পড়েছ তো? ঠিকই লিখেছে।

অনুবাদ: ননী ভৌমিক

Н. ГЕРНЕТ
УМНАЯ МАША
На языке бенгали